# M.A. Part-II Examination 2009

## বাংলা

অষ্টম পত্র

( বিশেষ পত্র )

*পূর্ণমান* : ১০০

*সময়* : ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**বর্গ — ২**

( *আধুনিক বাংলা কবিতা* )

**প্রথমার্ধ**

[ *মান* — ৬০ ]

১। যে কোনও *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫

( *Turn Over* )

(ক) সান্নিধ্যে ও অনুভবে রবীন্দ্রনাথের ঘনিষ্ঠ হওয়া সত্ত্বেও অমিয় চক্রবর্তীর কবিতা ভাবে ও রূপে কীভাবে উত্তর-রবীন্দ্র আধুনিক কবিতা হয়ে উঠেছে তা বিবৃত করো।

(খ) সঞ্জয় ভট্টাচার্য আধুনিক বাংলা কবিতার ইতিহাসে কোন কোন দিক থেকে স্বাতন্ত্র্যচিহ্নিত এক অধ্যায়— তা তাঁর কবিতার প্রধান বৈশিষ্ট্য সমূহ আলোচনা করে প্রতিষ্ঠিত করো।

(গ) বাংলা মার্ক্সিস্ট কবিতার পটভূমিতে অরুণ মিত্রের কবিতার যথাস্থান নিরূপণ করে দেখাও।

২। যে কোনও *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ৩

(ক) 'বিস্মরণী' কাব্যের প্রসঙ্গ ও রচনা পদ্ধতিতে ক্ল্যাসিক ও রোম্যানটিক মনোভঙ্গির যে সুষম সমন্বয় ঘটেছে তা উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো।

(খ) আলো-অন্ধকারের বাস্তব ও প্রতীকী দ্বন্দ্বের মধ্যে থেকেও 'সাতটি তারার তিমির' কবিতার বইটি কীভাবে চেতনার দিশারি এক উজ্জ্বল আলোর উৎস হয়ে উঠতে চেয়েছে তা আলোচনা করো।

( *গ* ) 'স্মৃতি সত্তা ভবিষ্যৎ'-এর মধ্যে আধুনিক কবি বিষ্ণু দে-র রূপদক্ষতার যে পরিচয় আছে তা স্পষ্ট করো।

( *ঘ* ) 'পাথরের ফুল' কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের একটি প্রতিনিধিস্থানীয় রচনা।— পটভূমি, ভাব এবং রূপ আলোচনা করে মন্তব্যটির যাথার্থ্য প্রতিপন্ন করো।

( *ঙ* ) কাব্যের তিনটি পর্বের তিনটি উপ-শিরোনাম থাকলেও এক অন্তর্লীন সঙ্গতির সূত্রে 'বাবরের প্রার্থনা' নামকরণটি সার্থক হয়ে উঠেছে।— মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

( *চ* ) বাংলা ভাষা ও বাংলাদেশের প্রতি আত্যন্তিক প্রীতি কীভাবে আল মাহমুদের কবিতার ভারকেন্দ্র রচনা করেছে তা আলোচনা করে দেখাও।

## দ্বিতীয়ার্ধ

[ *মান* — ৪০ ]

যে কোনও *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

৪০ x ১

১। আধুনিক বাংলা কবিতায় বিষ্ণু দে।

২। মিথ ও আধুনিক বাংলা কবিতা।

৩। আধুনিক বাংলা কবিতায় শব্দ ও নিঃশব্দ।

৪। আধুনিক বাংলা কবিতায় ঐতিহ্যের বিস্তার।

৫। মার্কসবাদী ভাবনা ও আধুনিক বাংলা কবিতা।

## **বর্গ — ৩**

( *বাংলা নাটমঞ্চ ও নাটক* )

**প্রথমার্ধ**

[ *মান* — ৬০ ]

**বিভাগ — ক** থেকে *একটি* ও **বিভাগ — খ** থেকে *তিনটি* প্রশ্নের উত্তর দিতে হবে : ১৫ x ৪

### **বিভাগ — ক**

১। ( *ক* ) বাংলা নাটমঞ্চের ইতিহাসে সৌখিন রঙ্গালয়গুলির ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

( *খ* ) সাধারণ রঙ্গালয়ের আবির্ভাব বাংলা নাট্যআন্দোলনকে কতখানি প্রভাবিত করেছে আলোচনা করো।

( *গ* ) রবীন্দ্রনাথের নাট্য প্রযোজনায় আধুনিক নাটক চর্চার কোন কোন বৈশিষ্ট্য লক্ষ্য করা যায় — বিশ্লেষণ করো।

## বিভাগ — খ

২। ‘সুরেন্দ্র বিনোদিনী’ নাটকে রাজনীতির ব্যবহার নাট্যরস সৃষ্টিতে কোনো ব্যাঘাত ঘটিয়েছে কিনা বুঝিয়ে বলো এবং বাংলা নাট্য চর্চার ইতিহাসে নাটকটির গুরুত্ব নির্ণয় করো।

৩। সমাজ-সমস্যামূলক নাটক হিসেবে ‘বিধবা বিবাহ’ নাটক কতখানি সফল— আলোচনা করো।

৪। ‘যক্ষপুরী’ বা ‘নন্দিনী’ নয়, রবীন্দ্রনাথ শেষ পর্যন্ত নাটকটির নাম রাখেন ‘রক্তকরবী’। এই সিদ্ধান্ত কতদূর গ্রহণযোগ্য তা নাটকটি বিশ্লেষণ করে দেখাও।

৫। বুদ্ধদেব বসুর ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকটি মিথ অবলম্বনে রচিত হয়েও আধুনিক জীবনের ভাষ্য হয়ে উঠেছে— মন্তব্যটি বিশ্লেষণ করো।

৬। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকে মধ্যবিত্ত শ্রেণীর জীবনচিত্র কিভাবে রূপলাভ করেছে বিশ্লেষণ করে দেখাও।

৭। ‘তিন পয়সার পালা’ নাটকে পলু ও লতু চরিত্রের দ্বন্দ্ব বিশ্লেষণ করো।

## দ্বিতীয়ার্ধ

[ *মান* — ৪০ ]

নিম্নোক্ত বিষয়গুলির যে কোনো *একটি* অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ৪০ x ১

( *ক* ) বাংলা পৌরানিক নাটকের ধারা।

( *খ* ) বাংলা নাটকে হাস্যরস।

( *গ* ) রবীন্দ্রনাথের নাটক ও বাংলা রঙ্গমঞ্চ।

( *ঘ* ) বাংলা নাটকে ইবসেনের প্রভাব।

( *ঙ* ) সমাজ-সমস্যামূলক বাংলা নাটক।

## বর্গ — ৪

( *কথাসাহিত্য* )

## প্রথমার্ধ

[ *মান* — ৬০ ]

## বিভাগ — ক

যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ১

১। বাংলা উপন্যাসের ধারায় স্বর্ণকুমারী দেবীর গুরুত্ব ও দান সম্পর্কে আলোচনা করো।

২। বাংলা ছোটগল্পের ধারায় জগদীশ গুপ্তের ভূমিকা পর্যালোচনা করো।

৩। বাংলা কথাসাহিত্যে সমরেশ বসুর গুরুত্ব পর্যালোচনা করো।

## বিভাগ — খ

যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ৩

১। 'রজনী' উপন্যাসের গঠনরীতির বৈশিষ্ট্য বিশ্লেষণ করো।

২। 'গোরা' উপন্যাসে গোরার ভারত-ভাবনার যে পরিচয় ধরা পড়েছে— তা বিশ্লেষণ করো।

৩। 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে মতি-কুমুদ আখ্যানটি প্রাসঙ্গিকতা বর্জিত, নিতান্তই প্রক্ষিপ্ত।— মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

৪। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'ঢোঁড়াই চরিত মানস'-এর সার্থকতা বিচার করো।

৫। 'চিংড়ি' উপন্যাসে বাস্তববাদিতা ও রোমান্টিকতার সমন্বয় কীভাবে ঘটেছে তা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

## দ্বিতীয়ার্ধ

[ *মান* — ৪০ ]

যে কোনও *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :

৪০ x ১

১। বাংলা রাজনৈতিক উপন্যাস।

২। বাংলা উপন্যাসে সমাজ বাস্তবতা।

৩। শরৎ সাহিত্যে নারী।

৪। বাংলা ছোটগল্পে অবচেতন মনের লীলা।

৫। বাংলা কথাসাহিত্যে পাশ্চাত্ত্য প্রভাব।

## বর্গ — ৬

( *লোকসাহিত্য* )

## প্রথমার্ধ

[ *মান* — ৬০ ]

### বিভাগ — ক

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ১

( *ক* ) লোকসংস্কৃতি কাকে বলে? লোকসংস্কৃতি ও শিষ্ট-সংস্কৃতির তুলনামূলক আলোচনা করো। ৩ + ১২

( *খ* ) লোককথা কাকে বলে ? লোককথার বৈশিষ্ট্যগুলি কি কি ? লোককথার শ্রেণীবিভাগ করো এবং যে কোনো একটি শ্রেণীর লোককথা সম্পর্কে আলোচনা করো। ২ + ৩ + ৩ + ৭

( *গ* ) টীকা লেখ (যে কোনো *তিনটি* ) : ৫ + ৫ + ৫

টোটেম, ভাদু, অবনীন্দ্রনাথ ঠাকুর, আলকাপ, ডোকরা, মৃৎশিল্প।

## বিভাগ — খ

যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ৩

১। ( *ক* ) ব্রত কাকে বলে ? 'বাংলা ব্রত' গ্রন্থ্ অনুসরণে ব্রতের শ্রেণীবিভাগ করো। দৃষ্টান্ত দিয়ে প্রতিটি বিভাগ সম্পর্কে আলোচনা করো। ৩ + ৪ + ৮

*অথবা*

ব্রতের নাট্যলক্ষণ সম্বন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' অবলম্বনে আলোচনা করো। ১৫

২। 'ছেলেভুলানো ছড়া : ২' অবলম্বনে বাংলা ছড়ায় কামচারিতা কামরূপধারিতা সম্পর্কে আলোচনা করো।। ১৫

*অথবা*

'কবিসঙ্গীত' প্রবন্ধে বাংলার ঐতিহ্যবাহী কবিগানকে রবীন্দ্রনাথ যে ভাবে বিশ্লেষণ করেছেন, তার অনুসরণে এই বিশেষ শিল্প-ধারাকে যথা-অর্থে লোকসংস্কৃতির সীমানাভুক্ত করা যায় কিনা, আলোচনা করো। ৭ + ৮

৩। সুশীল কুমার দে-র বক্তব্য অবলম্বনে প্রাচীন সাহিত্যে বাংলা প্রবাদের ব্যবহারের ইতিহাসটি বিবৃত করো। ১৫

*অথবা*

বাংলা লৌকিক প্রবাদে সমাজচিত্র কিভাবে ফুটে উঠেছে, তা দৃষ্টান্ত দিয়ে আলোচনা কর। ১৫

৪। বাংলা ও হিন্দি প্রবাদের তুলনামূলক আলোচনা করো। ১৫

*অথবা*

ভারতের বিভিন্ন সংস্কৃতি বলয়ের লোকবিশ্বাস ও লোক সংস্কারের মধ্যে একটি বস্তুগত ও ভাবগত ঐক্য রয়েছে— মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো। ১৫

## দ্বিতীয়ার্ধ

[ *মান* — ৪০ ]

যে কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ৪০ x ১

১। লৌকিক ধাঁধার সাহিত্যমূল্য।

২। পশ্চিম সীমান্ত বঙ্গের লোকনৃত্য।

৩। রবীন্দ্রনাট্যে লোকনাট্যের প্রভাব।

৪। বাংলা গাথা সাহিত্যে নারী।

৫। মেদিনীপুরের লোকভাষা।

## বর্গ — ৮

( *তুলনামূলক আধুনিক ভারতীয় সাহিত্য* )

## প্রথমার্ধ

[ *মান* — ৬০ ]

### বিভাগ — ক

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ১

( ক ) আধুনিক ভারতীয় সাহিত্যের পটভূমিতে নিম্নোক্ত যে কোনো একজন লেখকের রচনার সাধারণ পরিচয় দাও :

বিষ্ণু প্রভাকর, রজনীকান্ত বরদলৈ।

( খ ) দক্ষিণভারতীয় সাহিত্যে অন্যান্য ভারতীয় সাহিত্যের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

( গ ) প্রেমচন্দ ও শরৎচন্দ্রের কথাসাহিত্যের তুলনামূলক আলোচনা করো।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ x ৩

( ক ) 'গোদান' উপন্যাসে প্রতিফলিত লেখকের প্রাগ্রসর মানসিকতার পরিচয় দাও।

*অথবা*

'গোদান' উপন্যাস আসলে চাষী থেকে মজুর হয়ে যাওয়ার কাহিনী— আলোচনা করো।

( খ ) 'কন্যাদান' নাটকে নাট্যদ্বন্দ্ব কীভাবে ঘনিয়ে উঠেছে, বিশ্লেষণ করে দেখাও।

( *গ* ) 'বাবাজী'-র নামকরণের সার্থকতা বিচার করো।

( *ঘ* ) গালিবের গজলে উদ্ভাসিত প্রেমভাবনার পরিচয় দাও।

( *ঙ* ) 'উনিশ বিঘা দুই কাঠা' উপন্যাসে সমাজের ছবি কীভাবে উঠে এসেছে তা দেখাও।

## দ্বিতীয়ার্ধ

[ *মান* — ৪০ ]

১। যে কোনো *একটি* প্রসঙ্গ নির্ভর করে প্রবন্ধ রচনা করো : ৪০ x ১

( *ক* ) নব্যভারতীয় সাহিত্যে গজল নামক প্রকরণটির রূপ ও স্বরূপ।

( *খ* ) আধুনিক ভারতীয় কথাসাহিত্যে শরৎচন্দ্রের দান।

( *গ* ) স্বাধীনতা-উত্তর অসমিয়া ও বাংলা নদীনির্ভর উপন্যাসের তুলনা।

( *ঘ* ) হিন্দি কবিতায় ছায়াবাদ এবং ছায়াবাদে বাংলা কবিতার প্রভাব।

( *ঙ* ) তুলনামূলক সাহিত্য পাঠে অনুবাদের ভূমিকা।